

# জরিমানা ছাড়া এসএসসির ফরম পূরণ ১৪ ডিসেম্বর পর্যন্ত

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১১:৫৪, ১০ ডিসেম্বর ২০২৪



ফাইল ফটো

বিলম্ব ফি ছাড়া এসএসসি পরীক্ষার ফরম পূরণের সময়সীমা বাড়ানো হয়েছে। নতুন ঘোষণা অনুযায়ী, আগামী ১৪ ডিসেম্বর পর্যন্ত শিক্ষার্থীরা বিলম্ব ফি বা জরিমানা ছাড়া ফরম পূরণ করতে পারবেন।

মঙ্গলবার সকালে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি অধ্যাপক তপন কুমার সরকার বলেন, জরিমানা ছাড়া এসএসসির ফরম পূরণের শেষ দিন সোমবার সময় ১৪ ডিসেম্বর পর্যন্ত বাড়ানো হয়েছে।

এর আগে জরিমানা ছাড়া এসএসসির ফরম পূরণের শেষ দিন সোমবার রাতেই ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে এক বার্তায় বলা হয়েছে, এসএসসি পরীক্ষা ২০২৫-এর বিলম্ব ফি ছাড়া ফরম পূরণের সময় আগামী ১৪ ডিসেম্বর পর্যন্ত বৃদ্ধি করা হলো। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৫ ডিসেম্বর।

গত ১ ডিসেম্বর নয়টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে ২০২৫ সালের এসএসসি পরীক্ষার ফরম পূরণ শুরু হয়। জরিমানা ছাড়া সোমবার পর্যন্ত ফরম পূরণের সুযোগ ছিল। আর ১০০ টাকা জরিমানা দিয়ে ১১ থেকে ১৪ ডিসেম্বর পর্যন্ত ফরম পূরণের সুযোগ দেওয়া হয়েছিল শিক্ষার্থীদের।

এসএসসি পরীক্ষায় অংশ নিতে বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীরা ২ হাজার ২৪০ টাকা এবং মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের শিক্ষার্থীরা ২ হাজার ১২০ টাকা ফি দিয়ে ফরম পূরণ করতে পারছেন।